রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/ ০৮ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩১৫-আইন/২০১৭।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(২) "জিপিএ" অর্থ Grade Point Average (GPA);

(৩) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(৪) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকারের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মচারী;

(৫) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;



মূল্য ঃ টাকা ৮.০০

(৬) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(৭) "শিক্ষানবিশ" অর্থ কোন পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(৮) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(৯) "স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান" অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।—**(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী পালন সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়সসীমার মধ্যে না হয়:

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার ক্ষেত্রে প্রযোজ্য সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ।—**(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, বা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, বা বাংলাদেশের ডমিসাইল না হন; বা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগলাভের যোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসসহ যথাযথ ফরম পূরণপূর্বক নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকরি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিলে স্বীয় ঊর্ধ্বতন কর্মচারীর মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **শিক্ষানবিশি।—(১)** স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২(দুই) বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন, যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২(দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

**তফসিল-১**

**[বিধি ২(৩) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | অডিটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা;<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে :**<br>সমপদমর্যাদা সম্পন্ন অডিটরগণের মধ্য হইতে। |
| ২ | অডিও ভিজ্যুয়াল অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ৩.০০ বা সমমানসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা;<br>(গ) অডিও ভিজ্যুয়াল অপারেটর পদে কর্ম অভিজ্ঞতা;<br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩ | স্টোর কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ৩.০০ বা সমমানসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা;<br>(গ) প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম অনুযায়ী, যদি থাকে, প্রয়োজনে, নির্ধারিত নিরাপত্তা জামানত প্রদান করিতে হইবে;<br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪ | ফটোগ্রাফার (অডিও, ভিডিও) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ৩.০০ বা সমমানসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা;<br>(গ) ফটোগ্রাফার (অডিও, ভিডিও) হিসাবে কর্ম অভিজ্ঞতা;<br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫ | অভ্যর্থনাকারী/ তথ্য প্রদানকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ৩.০০ বা সমমানসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা;<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬ | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) মোট পদের শতকরা ৮০ ভাগ পদ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে:<br>তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদ সাধারণ প্রার্থী দ্বারা পূরণ করা যাইবে;<br>(খ) সাধারণ প্রার্থীর ক্ষেত্রে অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**তফসিল-২**

**[বিধি ২(৩) দ্রষ্টব্য]**

অডিটর, অডিও ভিজ্যুয়াল অপারেটর, স্টোর কিপার, ফটোগ্রাফার (অডিও, ভিডিও) ও অভ্যর্থনাকারী/তথ্য প্রদানকারী পদে সরাসরি নিয়োগ প্রার্থীগণের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি:

| ক্রমিক নম্বর | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| | (ক) লিখিত পরীক্ষা | ১০০ | | |
| ১ | বাংলা | ৩০ | | |
| ২ | ইংরেজী | ৩০ | | |
| ৩ | গণিত | ২০ | ৫০% | ৯০ মিনিট (১ ঘন্টা ৩০ মিনিট) |
| ৪ | সাধারণ জ্ঞান | ২০ | | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ১০ | | |
| | **মোট =** | **১১০** | | |

**ব্যাখ্যা :** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অপরূপ চৌধুরী,** পিএইচ.ডি
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd